

# Official Spokesperson's statement on the matter of ShriKulbhushanJadhav

July 16, 2020

## শ্রী কুলভূষণ যাদব প্রসঙ্গে সরকারি মুখপাত্রের বিবৃতি

জুলাই 16, 2020

বিগত বছর ধরে, ভারত , পাকিস্তানে 2016 সাল থেকে কারারুদ্ধ থাকা শ্রী কুলভূষণ যাদবের সাথে বাধাহীন ভাবে, গতিরোধহীন এবং নিঃশর্তে কনসুলারের সাক্ষাৎ করার সুবিধা প্রদান করার জন্য বারো বারেরও বেশী অনুরোধ করেছে।

যেহেতু 2019 সালের জুলাই মাসে আন্তর্জাতিক আদালত (আইসিজে), পাকিস্তানি সামরিক বিচারালয়ে শ্রীযাদবের দোষী সাব্যস্ত হওয়া এবং মৃত্যুদন্ডকে ফলপ্রদভাবে পূরণায় সমীক্ষা এবং পুনর্বিবেচনার জন্য নির্দেশ দিয়েছে, তাই সেই প্রক্রিয়ার উপরে ভিত্তি করে কনসুলারের সাক্ষাৎ করাটা সবথেকে গুরুত্বপূর্ণ বিষয়।

আন্তর্জাতিক আদালতের নির্দেশের সাথে সন্মত হবার ভান করে পাকিস্তান 2020 সালের মে মাসে একটি অধ্যাদেশ জারি করেছে। এটি, প্রাসঙ্গিক পূরণায় সমীক্ষা এবং পুনর্বিবেচনার জন্য ভারতীয় দূতাবাসের কনসুলার অফিসকে অন্যান্য সবকিছুর মধ্যে একটি উচ্চ আদালতে পিটিশন দাখিল করার জন্য বিবেচিত হয়। এই পরিপ্রেক্ষিতে, কনসুলার অফিস এবং শ্রী যাদবের মধ্যে যোগাযোগ এবং কথাবার্তা খুবই গুরুত্বপূর্ণ বলে মনে করা হয়। তাদের মধ্যে যেকোন ধরনের কথাবার্তা একান্তে এবং পাকিস্তানি কোন আধিকারিকের অনুপস্থিতিতে অথবা পাকিস্তানের দ্বারা রেকর্ড না করে হওয়াটা অবশ্যই প্রয়োজনীয়। যেহেতু সাক্ষাতের পরে শ্রী যাদব পাকিস্তানি হেফাজতে থাকবেন তাই কোনরকমের প্রত্যাপহারের উদ্বেগ না থাকলে পরে তবেই শ্রী যাদবের পক্ষে খোলাখুলি কথাবার্তা বলা সম্ভবপর হবে। ইতিমধ্যে এটি প্রমাণিত যে, পুনর্বিবেচনার জন্য তার অনিচ্ছা প্রকাশের জন্য অতীতে শ্রী যাদবকে বারবার ভয় দেখানো হয়েছে ।

সম্প্রতি ভারত, পাকিস্তানকে 13ই জুলাই 2020 তারিখে বাধাহীন ভাবে, গতিরোধহীন এবং নিঃশর্তে কনসুলারের সাক্ষাৎ করার সুযোগ প্রদান করার জন্য অনুরোধ জানিয়েছিল। শ্রী যাদব এবং ভারতীয় কনসুল অফিসের কাছাকাছি যেকোন পাকিস্তানি আধিকারিকের অনুপস্থিতিতে মুক্ত এবং প্রতিফলের ভয়হীন আবহে দুজনের সাক্ষাতকারের ব্যবস্থা করতে পাকিস্তানকে বলা হয়েছিল । সাক্ষাতকারের রেকর্ডিং (ভিডিও ও আডিও) না করার জন্যও পাকিস্তানকে বলা হয়েছিল।

বিস্তারিত আলোচনার পরে, পাকিস্তান পক্ষ জানিয়েছিল যে, 16ই জুলাই 2020 তারিখে তারা কনসুলার সাক্ষাতকারের সুবিধার বন্দোবস্ত করতে প্রস্তুত আছে। আমাদের আশ্বাস দেওয়া হয়েছিল যে, এই সাক্ষাৎ বাধাহীন ভাবে, গতিরোধহীন এবং নিঃশর্তে হবে। পাকিস্তানের বিদেশ মন্ত্রীর এই আশ্বাসের উপর ভিত্তি করে, হাই কমিশনের দুজন দূতাবাস আধিকারিক শ্রী যাদবের সাথে সাক্ষাৎকারের জন্য অগ্রসর হন। যদিও দুঃখের বিষয় এই যে, না তো সাক্ষাৎকারের পরিবেশ, না তো আয়োজন, কোনটিই পাকিস্তানের দেওয়া আশ্বাস অনুযায়ী ছিল না। উপরন্তু, ভারতের পক্ষ থেকে প্রতিবাদ করা স্বত্বেও শ্রী যাদব এবং কনসুলার আধিকারিকদের খুব কাছাকাছি ভীতিজনক হাবভাবের পাকিস্তানি আধিকারিকরা উপস্থিত ছিল। আরো প্রমাণিত যে, চক্ষুগোচর যোগ্য একটি ক্যামেরাতে শ্রী যাদবের কথোপকথন রেকর্ড করা হচ্ছে। কনসুলার অফিসারদের কাছে পরিষ্কার প্রতীয়মান হয়েছে যে শ্রী যাদব নিজে প্রচলিত মানসিক চাপের মধ্যে রয়েছেন। সমস্ত আয়োজনটি তাদের মধ্যে মুক্ত কথোপকথনের অনুমোদনযোগ্য ছিল না। কনসুলার আধিকারিকরা শ্রী যাদবকে তার আইনী অধিকার পাওয়ার কাজে তাকে নিযুক্ত রাখতে পারেন নি এবং তার আইনী প্রতিনিধির ব্যবস্থা করার জন্য তার লিখিত অনুমতি নিতেও বাধাপ্রাপ্ত হয়েছেন।

এই রকমের পরিস্থিতির আলোকে, ভারতের কনসুলার আধিকারিকরা এই সিদ্ধান্ত উপনীত হয়েছেন যে, পাকিস্তানের দেওয়া কনসুলারের সাক্ষাতের সুযোগটি অর্থহীন এবং বিশ্বাসযোগ্য ছিল না। তারা তাদের প্রতিবাদ জানিয়ে সাক্ষাৎস্থল পরিত্যাগ করেন।

এটি পরিষ্কার যে, এই বিষয়ে পাকিস্তানের দৃষ্টিভঙ্গি কপট এবং প্রতিবন্ধকতা পূর্ণ। এটি যে, আইসেজে-র 2019-এর নির্দেশকে পূরপুরি বাস্তবায়িত করতে হবে ; শুধুমাত্র সেই আশ্বাসকেই ভঙ্গ করেছে তাই নয় তাদের নিজেদের অধ্যাদেশ অনুযায়ী কাজ করতেও ব্যর্থ হয়েছে।

পররাষ্ট্র মন্ত্রী শ্রী যাদবের পরিবারকে এই উন্নতির বিষয়ে অবহিত করেন।

শ্রী যাদবের ভারতে নিরাপদ প্রত্যাবর্তনের সুনিশ্চিত করার প্রতি আমাদের প্রতিজ্ঞাবদ্ধতার কথা আমরা পুনরাবৃত্তি করছি এবং আজকের এই কর্মকাল্ডের আলোকে আমাদের ভবিষ্যতের কর্মপন্থা নির্ধারণ করব।

নিউ দিল্লি

জুলাই 16, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.